

৩৪. কিছু ছোট নাসিহা

বিসমিল্লাহ - ওয়াস সালাতু আস সালাম আলা রাসুলিল্লাহ

ফোরামে মাঝে মাঝে দেখা যায় একটি সুন্দর পোস্ট শেষ পর্যন্ত খুব কস্টদায়ক চেহারায় রূপ নেয়, অসহনশীল এবং ইচ্ছা মাফিক কমেন্টের ছড়াছড়িতে। এতে একদিকে ফোরামের মান যেমন নস্ট হয় তেমনি অনেকে কোন কথা লেখার আগ্রহ হারিয়ে ফেলেন। তাই আমি বিনীত ভাবে কিছু কথা বলতে চাই -

- ১। প্রতিটি কাজের নিয়ত শুদ্ধ করে নেন।
- ২। কাজের ব্যাপারে আল্লাহর সন্তুষ্টি তালাশ করেন, দুনিয়ার ফলাফল নয়।
- ৩। কাজটি কার হক্ক আদায়ের জন্য করছেন এই প্রশ্নের উত্তর নিজের সামনে হাজির রাখেন।
- ৪। কাজটির ব্যাপারে আল্লাহর কাছে দুয়া করেন যদি তা আল্লাহর পছন্দ হয় তবে যেন তা আল্লাহ আপনার জন্য সহজ করে দেন আর যদি এ কাজ আল্লাহর পছন্দ না হয়

তবে তা যেন কঠিন করে দেন, ছোট কিংবা বড় যাই হোক
না কেন।

৫। লেখা, কমেন্ট পোস্ট সাধ্য মত সহজ রাখেন। (সহজ
মানে এই নয় যে মন গড়া, দলিল নির্ভর নয়)

৬। কমেন্ট করার আগে কমেন্টের জরুরত চিন্তা করে
দেখেন, - একজন ভাইকে উৎসাহিত করেন। ভুল ধরিয়ে
দিতে চাইলে খুব বিনয়ের সাথে তা করেন। মনে রাখবেন
আল্লাহ ইউনুস (আঃ) কওম কে হিদায়াত দিয়ে দিয়েছিলেন
আর ইউনুস (আঃ) এর উপরে রাগ করেছিলেন তাঁর কওম
কে ছেড়ে যাবার জন্য। আজ যার ভুল আপনি ধরিয়ে দিবেন
সে কাজে সতর্ক থাকেন - এটি যেন ব্যক্তিগত ইলমের
প্রকাশ না হয়, নিজের ইলমের উপরে সম্বিস্টির কারন না
হয়। আল্লাহ ভীতি দিলে হাজির রাখেন, আল্লাহর কালাম
এবং সুন্নাহ ছাড়া ভুলের সুযোগ থাকেই এই খেয়াল রাখেন।

৭। ফোরাম বিতর্কের/বাহাসের টেবিল না, না আমরা
এদিকে কাউকে আহ্বান করি। বাহাস এড়িয়ে চলেন।

৮। তিজ্ঞ পরিস্থিতি তৈরি হলে কোন একজন ভাই নিজ
জিম্মাদারি নিয়ে অন্যকে ইহসান করার নাসিহা দেন -
মোডারেটর ভাইরা যে সব করবেন এমন তো নয়! দ্বীন
হচ্ছে নাসিহা।

৯। কি বিষয়ের উপরে বাহাস হচ্ছে তা লক্ষ্য রাখেন -
বাহাস শেষে, কमेंট যুদ্ধ শেষে যে ফলাফল আসবে তা
আসলে কতটুকু প্রয়োজন, আমাদের সবার জন্য তা কতটুকু
কাজে আসবে এই দিকে লক্ষ্য রাখেন। যদি তা আহামরি
কোন সিদ্ধান্ত না হয় যা আমাদের জন্য খুব বেশি জরুরী
তবে আল্লাহর সন্তুষ্টির জন্য ইহসান বজায় রাখেন। নিস্তান্ত
জরুরী কিছু হলে সে বিষয় সিনিয়র, বিজ্ঞ আলিম ভাইদের
জন্য ছেড়ে দেন। সব কিছু নিজের জ্ঞানে বিচার না করতে
যাওয়াই উত্তম।

১০। এমন বিষয়ে কথা বলা উত্তম যা জরুরী - যা ইলম এর
জন্য সহায়ক যা বাস্তবধর্মী - যা অন্যকে অনুপ্রানিত করে।

আমি আল্লাহর কাছে পানাহ চাই - আমার চিন্তা ভাবনা কথা
ও কাজের ক্ষতি থেকে -